

# কোমল হাতে নতুন বইয়ের দ্বাণ

সংবাদ : সংবাদ জাতীয় ডেস্ক

| ঢাকা, বৃহস্পতিবার, ০৩ জানুয়ারী ২০১৯

সারাদেশে চলছে বই উৎসব। এ বছর সারাদেশে ৪ কোটি ২৬ লাখ নতুন বই বিতরণ হয়েছে। বছরের প্রথমদিনে



কোমলমতি শিক্ষার্থীরা নতুন বই হাতে পেয়ে মেতেছে উৎসবে। গত মঙ্গলবার অনুষ্ঠিত হয় এই বই উৎসব। প্রতিনিধিদের পাঠানো খবরে বিস্তারিত-

## কিশোরগঞ্জ

কিশোরগঞ্জে ইংরেজি বছরের প্রথম দিন বিনামূল্যের বই বিতরণ উৎসব করা হয়েছে। এদিন শহরের সরকারি এসভি বালিকা উচ্চ বিদ্যালয়ে মাধ্যমিক ও কুমুদিনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক পর্যায়ের বই বিতরণ উৎসবের প্রধান অতিথি হিসেবে আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. সারওয়ার মুশেদ চৌধুরী। এসভি বালিকা বিদ্যালয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. আব্দুল্লাহ আল মাসউদের সভাপতিত্বে বই

বিতরণ অনুষ্ঠানে প্রধান আতাথ ছাড়াও বিশেষ অতিথি পুলিশ সুপার মামরুর রহমান খালেদ বিপিএম, জেলা শিক্ষা কর্মকর্তা মো. মোস্তাফিজুর রহমান, পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট শাহ আজিজুল হক, জেলা প্রেসক্লাবের সভাপতি মোস্তফা কামাল, সরকারি বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম আব্দুল্লাহ, এসভি বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মাখন চন্দ্র বিশ্বাস, শিক্ষিকা মঞ্জুজ সাহা ও অভিভাবক সামছুল ইসলাম খান বক্তব্য রাখেন। এরপর শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়া হয়। সারা জেলায় মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদরাসা পর্যায়ে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত মোট ৪৮ লাখ ১৭০টি বই বিতরণ করা হচ্ছে। এছাড়া কুমুদিনী প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ উৎসব হয়েছে।

## মানিকগঞ্জ

মানিকগঞ্জে ঘিওরে ব্যাপক আনন্দ উদ্দীপনার মধ্য দিয়ে সারাদেশের মতো পাঠ্যপুস্তক উৎসব পালিত হয়েছে। ঘিওর বালিকা উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ থেকে ৯ম শ্রেণী ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়। ঘিওর বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী সরকার রাথী। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা পরিষদের সদস্য ও বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল

খালেক বি.এস.।স। এ সময় বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মো. আতোয়ার রহমান, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এ. বি. এম আব্দুল হান্নান, ইউআরসি জহুরা বাশার, ঘিওর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রামপ্রসাদ সরকার দীপু, সহকারী শিক্ষক আতিকুর রহমান আতিক প্রমুখ।

## বান্দরবান

পার্বত্য প্রতিমন্ত্রী বীর বাহাদুর এমপি সুকালে স্থানীয় রাজার মাঠে বছরের প্রথম শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসবের উদ্বোধন করেন। এ সময় অন্যদের মধ্যে পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ক্যশৈল্লা, পুলিশ সুপার জাকির হোসেন মজুমদার, অতিরিক্ত জেলা প্রশাসক আবু হাসান সিদ্দিক, পার্বত্য জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা নুরুল আফছারসহ প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের কর্মকর্তা ও বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন। এই বছর বান্দরবান জেলায় ৭৩০টি প্রাইমারি স্কুলে মোট ৩ লক্ষ ৩৩ হাজার ৬০৭টি বই, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা চাকমা, মারমা ও ত্রিপুরা ভাষায় প্রাক-প্রাথমিকে ২৮৮৭টি ও ১ম, ২য় শ্রেণীতে ৬ হাজার ৮৩৩টি বই বিতরণ করা হয়। তবে এ বছর উপজাতীয় ত্রিপুরা জনগোষ্ঠীর শিক্ষার্থীদের মাঝেও নিজ মাতৃভাষার বই বিতরণ করা হচ্ছে। এছাড়াও জেলার মাধ্যমিক বিদ্যালয়ে ৫২ হাজার শিক্ষার্থীদের মাঝে প্রায় ৬ লক্ষ ৯০ হাজার ৫৭৫টি বই বিতরণ করা হচ্ছে।

## নাটোর

নাটোরে মাধ্যমিক, এবতেদায়ী, ভকেশনাল ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়ার মাধ্যমে পালিত হয়েছে বই উৎসব। সকাল সাড়ে ১১টার দিকে শহরের সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুল। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোহম্মদ শহরিয়ার, পুলিশ সুপার সাইফুল্লাহ আল মামুন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজ্জাকুল ইসলাম, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রমজান আলী আকন্দ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এরশাদ উদ্দিন আহমেদসহ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ। এবার জেলার ২ লাখ ৫ হাজার ৮৩২ জন সরকারি ও এনজিও পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ৯ লাখ বই, ১ লাখ ৫০ হাজার ৪৭০ জন মাধ্যমিক শিক্ষার্থীদের মাঝে ২১ লাখ ৮২ হাজার ২১৫টি বই এবং ৫৩ হাজার ৪৬৫ জন মাদরাসার শিক্ষার্থীর মাঝে ৫ লাখ ৫৬ হাজার ১৭০টি বই বিতরণ করা হবে।

## ফরিদপুর

বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বই উৎসবে ফরিদপুরে শিক্ষার্থীদের মাঝে বছরের প্রথম দিনেই নতুন বই বিতরণ করা হয়েছে। নতুন বই বিতরণ উপলক্ষে উৎসবমুখর

পারবেশের সৃষ্টি হয়েছে ফারিদপুরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে। সকালে শহরের সুরদা সুন্দরী সরকারি বালিকা বিদ্যালয় চত্বরে বই উৎসবের উদ্বোধন করেন, জেলা প্রশাসক উম্মে সালমা তানজিয়া। তিনি বলেন, শিক্ষার্থীদের মাঝে নতুন বই নতুন প্রাণের সঞ্চার করে। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মো. মোবাস্শের হাসান, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিবপদ দেসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এছাড়াও শহরের আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে সকাল ৮টায় ৮শ শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুহাম্মদ জয়নুল আবেদিন, হাড কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিন বই তুলে দেন স্কুলের প্রধান শিক্ষক রেহেনা পারভীন, আনসারউদ্দিন উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক আবু জাফর বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করেন, ফরিদপুর পুলিশ লাইনস স্কুলের প্রধান শিক্ষক মুখ আব্দুল কাইয়ুম সকাল ৮টা থেকে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন।

### বড়াইগ্রাম (নাটোর)

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ এ প্রতিপাদ্য নিয়ে সারাদেশের ন্যায় নাটোরের বড়াইগ্রামে বই উৎসব অনুষ্ঠিত হয়। সকালে উপজেলার অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান রাজাপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীর হাতে বই তুলে দিয়ে উৎসবের সূচনা হয়। প্রধান অতিথি হিসাবে



পুনর্নির্বাচিত সংসদ সদস্য অধ্যাপক আব্দুল কুদ্দুস এর উদ্বোধন করেন। বিদ্যালয় চত্বরে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সালাম খানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম স্বপন। বিশেষ অতিথির বক্তৃতা করেন ইউএনও আনোয়ার পারভেজ, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুর রউফ, সহকারী শিক্ষা অফিসার ঝর্ণা মন্ডল, সামছুর রহমান শাহীন প্রমুখ।

### গৌরনদী (বরিশাল)

সকালে বরিশালের গৌরনদীতে অনুষ্ঠিত হয়েছে বই উৎসব। ১০টায় একযোগে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে বই বিতরণ করা হয়েছে। প্রতিবছরের ন্যায় এবারও সবচেয়ে সর্ববৃহৎ বই উৎসবের আয়োজন করা হয়েছিল গৌরনদী উপজেলার মাহিলাড়া এএন মাধ্যমিক বিদ্যালয়ে। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার খালেদা নাছরিন এ বই উৎসবের উদ্বোধন করেন। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ও ইউপি চেয়ারম্যান সৈকত গুহ পিকলুর সভাপতিত্বে বই উৎসবে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা শিক্ষা অফিসার আব্দুল জলিল, ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলমগীর হোসেন কবিরাজ, সাধারণ সম্পাদক আবুল কালাম মৃধা, যুবলীগ নেতা শহিদুল ইসলাম শহিদ প্রমুখ।

## দ. সুনামগঞ্জ (সুনামগঞ্জ)

ইংরেজি নববর্ষের প্রথম দিনে হাতে পাঠ্য বই পেল সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসার শিক্ষার্থীরা। নতুন বছরে নতুন বই পেয়ে খুশিতে আত্মহারা কোমলমতি শিক্ষার্থীরা। সকাল থেকে দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়, সকল মাধ্যমিক বিদ্যালয় ও সকল মাদরাসার শিক্ষার্থীদের মাঝে একযোগে বই বিতরণ উৎসবে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়। এদিন সকাল ১০টা থেকে দুপুর পযন্ত দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার হাজী আক্রম আলী দাখিল মাদরাসা, তেঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাগলা স্কুল অ্যান্ড কলেজে, পাগলা সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ করেন দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মো. সফি উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ সুনামগঞ্জ থানা(ওসি) অফিসার ইনচার্জ মো. ইখতিয়ার উদ্দিন চৌধুরী, দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. বজলুর রহমান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার আব্দুল বারেক, উপজেলা শিক্ষা পরিদর্শক নুরে আলম সিদ্দিকী, উপজেলা সমবায় অফিসার মো. মাসুদ আহমদ, দক্ষিণ সুনামগঞ্জ প্রেসক্লাব সাধারণ সম্পাদক মো. নুরুল হক, সাংগঠনিক সম্পাদক হোসাইন আহমদ, অর্থ সম্পাদক সোহেল তালুকদার, হাজী আক্রম আলী দাখিল

মাদরাসার সুপার মাওলানা রাফকুল ইসলাম, তেঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিন উদ্দিন, সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুমা চক্রবর্তী প্রমুখ।

### সৈয়দপুর (নীলফামারী)

সৈয়দপুরের সকল স্কুল ও মাদরাসায় শিক্ষার্থীদের হাতে বই বিতরণের মাধ্যমে পালন করা হয়েছে বই উৎসব। এদিন উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বই উৎসব পালন করা হয়। সানফ্লাওয়ার স্কুল ও কলেজ, লায়ন্স স্কুল ও কলেজের শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দিয়ে এ উৎসবের উদ্বোধন করেন, উপজেলা চেয়ারম্যান মো. মোখছেদুল মোমিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম গোলাম কিবরিয়া। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রেহেনা ইয়াসমিনসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। অপরদিকে রামকৃষ্ণ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক ও মাদরাসা পর্যায়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে এ উৎসবের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম গোলাম কিবরিয়া। এ সময় উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) পরিমল কুমার সরকার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. শাহজাহান মন্ডল, স্কুল পরিচালনা কমিটির সভাপতি কাজী নজরুল ইসলাম রয়েল, প্রধান শিক্ষক আব্দুস সামাদ শাহ, যুবলীগ নেতা



দিলনেওয়াজ খানসহ অন্যান্যরা। পরে সকল শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়। এবার নতুন শিক্ষাবর্ষে প্রাথমিক ও ইবতেদায়ী পর্যায়ে প্রায় ৪১ হাজার সেট বইয়ের চাহিদার সব বই সৈয়দপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।

### কলমাকান্দা (নেত্রকোনা)

নেত্রকোনার কলমাকান্দায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সারাদেশব্যাপী ন্যায় পাঠ্য পুস্তক দিবস-২০১৯ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে উপজেলার কলমাকান্দা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের আয়োজনে হল রুমে আলোচনা সভায় অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মো. ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, নেত্রকোনা-১ আসনের সংসদ সদস্য ছবি বিশ্বাস ও বিশেষ অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান শাহ মো. ফখরুল ইসলাম ফিরোজ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. জাকির হোসেন ও উপজেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা চন্দন বিশ্বাস। এ সময় আরও বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. রফিকুজ্জামান খোকন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম ভূঞা, উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. মনিরুল ইসলাম, ভেটেরিনারি সার্জন ডা. মো. ফারুক হোসেন ও ছাত্র অভিভাবক উপজেলা কৃষকলীগের সভাপতি মো. আবুল কালাম আজাদ, প্রধান শিক্ষক কামরুন নাহার,

প্রবীর কুমার সরকার ও প্রেসক্লাব সভাপাত  
রাজ্জাক আহম্মেদ রাজু প্রমুখ।

### টঙ্গী (গাজীপুর)

টঙ্গীর সিরাজ উদ্দিন সরকার বিদ্যানিকেতন  
অ্যান্ড কলেজে ছাত্রছাত্রীদের মাঝে পাঠ্যবই  
বিতরণ উৎসব বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে অধ্যক্ষ মো.  
ওয়ায়দুর রহমানের সভাপতিত্বে এবং সিনিয়র  
শিক্ষক রতন কুমার ঘোষের পরিচালনায়  
অনুষ্ঠিত হয়েছে। বই বিতরণ ও উৎসবে অতিথি  
হিসেবে বক্তব্য রাখেন, গাজীপুর মহানগর  
আওয়ামী লীগের সহ-সভাপতি উসমান আলী,  
টঙ্গী ভূমি অফিসের কর্মকর্তা মো. আলী হোসেন,  
সিরাজউদ্দিন সরকার বিদ্যানিকেতন অ্যান্ড  
কলেজের অভিভাবক ফোরামের যুগ্ম-আস্থায়ক  
আজহারুল ইসলাম বেপারী, আওয়ামী লীগ নেতা  
আব্দুল বাছেদ খান, বিদ্যালয়ের প্রভাতী শাখার  
সহকারী প্রধান জাহান আরা বেগম প্রমুখ।

### কেশবপুর (যশোর)

যশোরের কেশবপুরে মুক্তিযুদ্ধের সংগঠক সুবোধ  
মিত্র মেমোরিয়াল অর্টিজম ও প্রতিবন্ধী  
বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে  
দেয়ার মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীদের বই উৎসব  
শুরু হয়। সুবোধ মিত্র মেমোরিয়াল অর্টিজম ও  
প্রতিবন্ধী বিদ্যালয় প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে  
উপজেলা সমাজসেবা অফিসার তরিকুল ইসলাম  
শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন। নতুন  
বছরের প্রথম দিনে প্রতিবন্ধী শিক্ষার্থী ও

আভ্যাবকরা নতুন বই পেয়ে খুব খুশ। বই উৎসব অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন সুবোধমিত্র মেমোরিয়াল অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি অ্যাডভোকেট মিলন মিত্র। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কেশবপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও সুবোধমিত্র মেমোরিয়াল অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের পরিচালনা কমিটির সদস্য মোতাহার হোসাইন, কেশবপুর মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মোহাম্মদ আলী, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য সাইফুল ইসলাম, পৌর কাউন্সিলর মনিরা খানম, শিক্ষক ওয়াজেদ আলী, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিরাজুল ইসলাম প্রমুখ।

### কাপাসিয়া (গাজীপুর)

কাপাসিয়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে দুপুরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিলীমা রায়হানার সভাপতিত্বে বই উৎসবে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিমিন হোসেন রিমি। এ সময় অন্যদের মাঝে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি মুহাম্মদ শহীদুল্লাহ, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট রেজাউর রহমান লস্কর মিঠু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিজানুর রহমান প্রধান, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রকিব হাসান, উপজেলা শিক্ষা অফিসার মাহবুবুর রহমান, উপজেলা যুবলীগ সভাপতি মাহবুব উদ্দিন আহমেদ সেলিম, সাধারণ সম্পাদক

সাখাওয়াত হোসেন প্রধান, জেলা ছাত্রলীগ সভাপতি দেলোয়ার হোসেন শাওন, উপজেলা ছাত্রলীগ সভাপতি আব্দুল কাইয়ুম ভূইয়া প্রমুখ। এছাড়া উপজেলার ১৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১০৬টি কিন্ডারগার্টেন স্কুল, ৭২টি মাধ্যমিক বিদ্যালয় ও ৬৭টি মাদরাসায় উৎসবমুখর পরিবেশে বই উৎসব পালিত হয়েছে।

### গলাচিপা (পটুয়াখালী)

সারাদেশের ন্যায় গলাচিপায় বই উৎসব পালিত হয়েছে। নতুন বছর উপলক্ষে উপজেলার মাধ্যমিক ও মাদরাসা পর্যায়ে ১৭৪টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ২০ হাজার ৫৮০ জন ছাত্র-ছাত্রীর হাতে ৫ লক্ষ ২৭ হাজার ১৬০টি নতুন বই তুলে দেয়া হয়েছে। মঙ্গলবার গলাচিপা সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় ও গলাচিপা বালিকা মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে উপজেলা পরিষদের চেয়ারম্যান মুঃ সামসুজ্জামান লিকন প্রধান অতিথি হিসেবে বই বিতরণের কার্যক্রম উদ্বোধন করেন। উপজেলা নির্বাহী অফিসার শাহ মো. রফিকুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, গলাচিপা সরকারি কলেজের অধ্যক্ষ মো. ফোরকান কবির, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. গোলাম মোস্তফা, উপজেলা একাডেমিক সুপারভাইজার আবুল কালাম সাঈদ, প্রধান শিক্ষক মু. হালিম মিয়া, প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। এ ছাড়া

বিভিন্ন প্রাতিষ্ঠানের শিক্ষকগণ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

### বেগমগঞ্জ (নোয়াখালী)

নতুন বছরের প্রথমদিনে ছাত্র-ছাত্রীদের হাতে নতুন বই তুলে দিয়ে নোয়াখালীর বেগমগঞ্জে বই উৎসব উদযাপন করা হয়। বেগমগঞ্জ উপজেলার চৌমুহনী মদন মোহন উচ্চ বিদ্যালয়ে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে ছাত্র-ছাত্রীদের হাতে নতুন বই তুলে দিয়ে বেগমগঞ্জে বই উৎসবের উদ্বোধন করেন বেগমগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মো. রুহুল আমীন। চৌমুহনী মদন মোহন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবুর রশীদ তারেকের সভাপতিত্বে অনুষ্ঠিত বই উৎসবের অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক) আলী আশরাফ খান, সহকারী শিক্ষা অফিসার জাহির উদ্দিন, সাংবাদিক হরলাল ভৌমিক প্রমুখ।

### সোনারগাঁ (নারায়ণগঞ্জ)

সারাদেশের ন্যায় নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে বই উৎসব অনুষ্ঠিত হয়েছে। গত ১ জানুয়ারি দিনব্যাপী উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে এ বই উৎসব অনুষ্ঠিত হয়। উপজেলার ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে সকালে বই বিতরণের মাধ্যমে বই উৎসব উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি আবু নাইম ইকবালের সভাপতিত্বে প্রধান অতিথি



হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার শাহীনুর ইসলাম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা শিক্ষা অফিসার নিখিল চন্দ্র বিশ্বাস, সহকারী শিক্ষা অফিসার কানিজ ফাতেমা, ইউআরসি নারসরিন জাহান পপি প্রমুখ।

### বাঁশখালী (চট্টগ্রাম)

চট্টগ্রামের বাঁশখালী উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদফতর এবং মাধ্যমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে বছরের প্রথম দিন বই প্রদান উৎসব বাঁশখালী বালিকা সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. ইসতিয়াক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোমেনা আক্তার। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা কে.এম মোস্তাক আহমদ, বাঁশখালী বালিকা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনোতোষ দাশ, বাঁশখালী আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুমিত্র সেন বড়-য়া, বাঁশখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. শহিদ সহ অন্যান্য কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

### শেরপুর (বগুড়া)

উৎসবমুখর পরিবেশে বগুড়ার শেরপুর উপজেলায় নতুন বছরের প্রথমদিন শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হয়েছে। সকাল ১০টায়

উপজেলা সদর মডেল সরকার প্রাথমিক বিদ্যালয় চত্বরে আনুষ্ঠানিকভাবে বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. লিয়াকত আলী সেখ। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অন্যদের মধ্যে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আরাফাত হোসেন, সাপ্তাহিক আজকের শেরপুর পত্রিকার সম্পাদক মুনসী সাইফুল বারী ডাবলু, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. নজমুল ইসলাম, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল কাইয়ুম, স্থানীয় আওয়ামী লীগ নেতা শাহজামাল সিরাজী, স্কুলের সভাপতি আবু আরফান, প্রধান গোলাম মোস্তফা প্রমুখ বক্তব্য রাখেন। এছাড়া শেরপুর সরকারি ডিজে হাইস্কুল, কাদের সুফিয়া আর্টিস্টিক অ্যান্ড প্রতিবন্ধী স্কুল, শেরপুর মজিবর রহমান মজনু উচ্চ বালিকা বিদ্যালয়, শেরপুর শহীদিয়া আলীয়া মাদরাসা, উলিপুর মহিলা ফাজিল মাদরাসা বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. লিয়াকত আলী সেখ। এছাড়া শেরপুর শিশু কল্যাণ স্কুল ও শাহনাজ পারভীন স্কুল অব হ্যাভেন অ্যান্ড হিউম্যানিটিতে বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন সাপ্তাহিক আজকের শেরপুর পত্রিকার সম্পাদক মুনসী সাইফুল বারী ডাবলু। সাধুবাড়ী সালেহা পাবলিক স্কুল অ্যান্ড কলেজে বই বিতরণ করেন জাতীয় সাংবাদিক সংস্থার উপজেলা কমিটির সাধারণ সম্পাদক আইয়ুব আলী। এছাড়া উপজেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানেই বই বিতরণ উৎসব করা হয়।

## বালিয়াকান্দি (রাজবাড়ী)

‘নতুন বছর নতুন দিন নতুন বইয়ে হোক রঙিন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে মঙ্গলবার সকালে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার ব্যতিক্রম বই উৎসব ও শিশু বরণ হয়েছে জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান স্বাবলম্বী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। বর্ণাঢ্য আয়োজনে বই বিতরণের সঙ্গে সঙ্গে শিশুবরণ ও খাবার বিতরণ করা হয়। আনুষ্ঠানিকভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, সভাপতি সাইফুর রহমান, সাবেক সভাপতি এম.এ. কুদ্দুস, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এছাড়া উপজেলা শিক্ষা দফতরের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে বই বিতরণ উৎসব ও শিশুবরণ পালিত হয়েছে। উপজেলা শিক্ষা কর্মকর্তা সিরাজুল ইসলাম বিশ্বাসের সভাপতিত্বে বই বিতরণ উৎসবে প্রধান অতিথি হিসাবে উদ্বোধন করেন, উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুম রেজা, অন্যদের মধ্যে বক্তৃতা করেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাজী এজাজ কায়সার, বালিয়াকান্দি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আ. সালাম, বালিয়াকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন মোল্যা, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক চাঁদ সুলতানা প্রমুখ। গোহাইলবাড়ী আরশেদ-সাজেদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, রায়পুর মনিরুদ্দিন মোল্যা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, বালিয়াকান্দি স্কলার্স স্কুলসহ উপজেলার প্রাথমিক, মাধ্যমিক ও

মাদরাসা, কিন্ডার গার্টেন, ইসলামিক  
ফাউন্ডেশনগুলোতে একযোগে বই বিতরণ  
উৎসব পালিত হয়েছে।